ইত্তেফাক

তারিখ ... ২১।৭।৭৪ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৫ ...

174

# আজ কৃষি গবেষণার ব্যবস্থাপনা শীর্ষক সেমিনার শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশে কৃষি গবেষণার ব্যবস্থাপনা শীর্ষক ৩দিন ব্যাপী এক জাতীয় সেমিনার আজ (বৃহস্পতিবার) সকাল ৯ টায় বাংলাদেশ বিজ্ঞান ও শিল্পগবেষণা পরিষদ মিলনায়তনে শুরু হইবে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং কৃষিক্ষেত্রে উচ্চশিক্ষা ও গবেষণার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক কেন্দ্রের (সিয়ারকা) যৌথ উদ্যোগে আয়োজিত এই সেমিনারের উদ্বোধন করিবেন কৃষি ও বন মন্ত্রী জনাব আজিজুল হক।

সেমিনারে বাংলাদেশ, ভারত, সিয়ারকা এবং এশিয়া ব্যবস্থাপনা ইনষ্টিটিউটের নেতৃস্থানীয় গবেষণা প্রশাসকগণ ছাড়াও প্রায় ১ শত ৫০ জন কৃষি গবেষক অংশ নিবেন বলিয়া আশা করা যাইতেছে।